

প্রিয় পরিবারবর্গ,

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, আমরা মিডল্ স্কুলে ভর্তিতে ভাই-বোনের অগ্রাধিকার বর্ধিত করছি।

- এই বছরের শুরুর দিকে, আমরা ঘোষণা দিয়েছিলাম যে যেসব আবেদনকারীদের ভাই-বোন ষষ্ঠ গ্রেডের শিক্ষার্থী, তারা ভাই-বোনের অগ্রাধিকার পাবে।
- সিটিজুড়ে পরিবার এবং কমিউনিটি থেকে প্রাপ্ত মতামতের ভিত্তিতে, আমরা এই অগ্রাধিকার বর্ধিত করছি, যা নিম্নরূপ:
  - **সেসব স্কুল, যেখানে চূড়ান্ত বছর হচ্ছে অষ্টম গ্রেড,**
    - যেসব মিডল্ স্কুলে ভর্তির আবেদনকারীর কোনও ভাই-বোন বর্তমানে ষষ্ঠ অথবা সপ্তম গ্রেডে পড়ছে, তারা তাদের ভাই-বোনের স্কুলটিতে ভর্তিতে অগ্রাধিকার পাবে।
    - স্কুলটিতে যদি নিম্ন গ্রেডসমূহ থাকে (যেমন, K-8 গ্রেড), সেক্ষেত্রে যেসব মিডল্ স্কুলে ভর্তির আবেদনকারীর কোনও ভাই-বোন বর্তমানে কিডারগার্টেন, প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ, পঞ্চম, ষষ্ঠ, অথবা সপ্তম গ্রেডে পড়ছে, তারা তাদের ভাই-বোনের স্কুলটিতে ভর্তিতে অগ্রাধিকার পাবে।
  - **সেসব স্কুল, যেগুলোতে দ্বাদশ (12) গ্রেড পর্যন্ত রয়েছে, সেগুলোতে** যেসব মিডল্ স্কুলে ভর্তির আবেদনকারীর কোনও ভাই-বোন বর্তমানে ষষ্ঠ, সপ্তম, অষ্টম, নবম, দশম, অথবা একাদশ (11) গ্রেডে পড়ছে, তারা তাদের ভাই-বোনের স্কুলটিতে ভর্তিতে অগ্রাধিকার পাবে।

ভাই-বোনের অগ্রাধিকার শুধুমাত্র বর্তমানে ভর্তি প্রক্রিয়ায় অংশগ্রহণকারী শিক্ষার্থীদের জন্য প্রযোজ্য, এবং তা ইতোমধ্যে তালিকাভুক্ত (এনরোলড) শিক্ষার্থীদের জন্য নয়।

আপনার সন্তান যদি মিডল্ স্কুলে ভর্তির আবেদন করছে এবং আপনি ভাবছেন যে সে এখন ভাই-বোনের অগ্রাধিকার পাবার যোগ্য, তবে আপনি আপনার সন্তানের স্কুল কাউন্সিলার অথবা একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে মঙ্গলবার, 15 মার্চের মধ্যে যোগাযোগ করতে পারেন। তারা আপনার সন্তানের আবেদনপত্রে তার ভাই-বোনকে যোগ করতে সক্ষম হবেন।

মিডল্ স্কুল স্কুলে ভর্তিতে ভাই-বোনের অগ্রাধিকার বিষয়ে কোনও প্রশ্ন আছে? আমাদের [siblings@schools.nyc.gov](mailto:siblings@schools.nyc.gov) ঠিকানায় ইমেইল করুন।

শুভেচ্ছান্তে,

মিডল্ স্কুল অ্যাডমিশন্স টিম, অফিস অভ স্টুডেন্ট এনরোলমেন্ট

ডিপার্টমেন্ট অভ এডুকেশন

**এই ইমেইলটি কি আপনার কোনও বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? [schools.nyc.gov/SignUp](https://schools.nyc.gov/SignUp) ওয়েবসাইটে আমাদের মিডল্ স্কুলে ভর্তিতে আগ্রহীদের মেইলিং লিস্টে (ডাক তালিকায়) নাম লেখাতে (বা সাইন আপ করতে) ভুলবেন না। মিডল্ স্কুল অ্যাডমিশন্স বিষয়ে ভবিষ্যতে কোনও বার্তা না পেতে চাইলে, তথা আনসাবস্ক্রাইব করতে, অনুগ্রহ করে এখানে ক্লিক করুন।**